

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

বিষয়ঃ জাতীয় শুন্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে সভা ও সচেতনতা বৃদ্ধিরণ ১ম সভার  
কার্যবিবরণী।

সভাপতি	ঃ জনাব মোহাম্মদ আসিফ-উজ-জামান ভারপ্রাপ্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তারিখ ও সময়	ঃ ২৯ মার্চ, ২০১৭
সময়	ঃ বেলা ৩.১৫ ঘটিকা
স্থান	ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬১০, ভবন নং-৬)।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশিত হ’ল।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রথমেই অভিভাবকবৃন্দ, শিক্ষক নেতৃবৃন্দ ও মহাপরিচালকসহ উপস্থিত সকলকে তাদের নিজ নিজ বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করেন।

আলোচনা: (১) সভায় একজন অভিভাবক বলেন, উপবৃত্তির টাকা অভিভাবকদের হাতে যথাসময়ে পৌছাতে অনেক সময় বিলম্ব হয়। এছাড়া একই দিনে একই ব্যাংক কর্তৃপক্ষ বিপুল সংখ্যক শিক্ষার্থীর উপবৃত্তি প্রদান করে থাকেন। সেক্ষেত্রে শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ সারাদিন একটি নির্দিষ্ট স্থানে জড়ে হয়ে অপেক্ষা করে থাকেন। এতে অভিভাবকদের দুর্ভোগ বাড়ে। এটি নিরসনে পদক্ষেপ গ্রহণ জরুরি।

(২) শিক্ষক নেতৃবৃন্দের পক্ষ থেকে জনাব মো: মনসুর আলী বলেন, বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল চালুকরণ একটি যুগান্তকারী পদক্ষেপ। এই ব্যবস্থা দেশের সকল স্কুলে চালু করার পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

(৩) প্রতি বছর ১লা জানুয়ারি দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। এতে শিক্ষার্থীরা বছরের প্রথম দিন বই হাতে পেয়ে অত্যন্ত আনন্দিত হয়। এ খাতে সরকারি বরাদ্দ কর্ম থাকে মর্মে সভায় আলোচনা হয়। প্রধান শিক্ষকগণের মধ্যে অনেক ক্ষেত্রে আর্থিক দায় অভিভাবকদের উপর চাপিয়ে দেওয়ার প্রবণতা লক্ষ করা যায়।

বিভাগিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (১) উপবৃত্তির টাকা অভিভাবকদের হাতে পৌছানো আরও সহজতর করার লক্ষ্যে ব্যাংক, প্রাথমিক শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট সকলকে আরও সক্রিয় হওয়ার আহবান জানানো হয়।
- (২) সকল স্কুলে মিড-ডে মিল চালু করার বিষয়ে স্থানীয় বিভাগান্দের সহযোগিতা গ্রহণে প্রয়োজনীয় ব্যবস্থার জন্য মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর পদক্ষেপ গ্রহণ করবেন।

(৩) বই বিতরণের ক্ষেত্রে কোন অনিয়ম বা অভিভাবকদেরকে কোন রকম আর্থিক হয়রানী না করার বিষয়ে  
মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

০১ মার্চ, ২০১৭ মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে পূর্বালী ব্যাংক শিওর ক্যাশ এর শুভ উদ্বোধন করেন।  
এখন থেকে প্রতি ০৩ (তিনি) মাস অন্তর পূর্বালী ব্যাংক শিওর ক্যাশ এর মাধ্যমে উপবৃত্তির টাকা প্রদান করা হবে মর্মে সভায়  
সভাপতি সকলকে অবহিত করেন।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ আসিফ-উজ-জামান)

ভারপ্রাপ্ত সচিব


প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৮.৩১.০০১.১৭-৮৪

তারিখঃ ৫ বৈশাখ ১৪২৪  
১৮ এপ্রিল ২০১৭

বিতরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা বুরো, তেজগাঁও, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
- ০৭। যুগ্ম-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। উপ-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। উপ-প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। পরিসংখ্যান কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। প্রেস্থামার, কম্পিউটার সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(তাকে ওয়েবসেইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। অফিস কপি।



১৮.০৪.১৮  
(সুলতানা রাজিয়া)

সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৬৬৯১